



কক্সবাজার : দুর্নীতি ও প্রতারণার অভিযোগে টেকনাফ ডিগ্রী কলেজের প্রিন্সিপালের অপসারণ দাবীতে শিক্ষক ও কর্মচারীরা মৌন মিছিল বের করে —ইনকিলাব

## টেকনাফ কলেজের দুর্নীতিবাজ প্রিন্সিপালের অপসারণ দাবীতে মিছিল

কক্সবাজার প্রতিনিধি : টেকনাফ ডিগ্রী কলেজের অধ্যক্ষ বিমল কান্তি ভৌমিকের বিরুদ্ধে জালিয়াতি, দুর্নীতি ও প্রতারণার মাধ্যমে কলেজের ৩৫ (পঁয়ত্ৰিশ) লাখ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। দীর্ঘ দুই বছর ধরে কলেজের ছাত্র-শিক্ষকরা অধ্যক্ষের অপসারণের দাবীতে আন্দোলন করে আসছে। কিন্তু মিঃ ভৌমিকের কিছুতেই কিছু হয় না। গত এক সপ্তাহ আগে বিক্ষুব্ধ কলেজ শিক্ষকরা অধ্যক্ষের কার্যালয়ে তালা খুলিয়ে মৌন মিছিল বের করে। শিক্ষকদের দাবী, দুর্নীতিবাজ অধ্যক্ষের অপসারণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।